



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শূচিতা শরমিন এর সাথে বিশ্ববিদ্যালয়ের Team Photonic নেতৃত্বের সৌজন্য সাক্ষাৎ

হ্যাকাথন প্রোগ্রাম NASA SPACE APPS CHALLENGE -২০২৪ এর চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত Team Photonic নির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. শূচিতা শরমিন এর সাথে অদ্য ২ অক্টোবর ২০২৪ তারিখ বিকাল ৩ টায় উপাচার্য মহোদয়ের কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন টিমের উপদেষ্টা ড. মো. খোরশেদ আলমসহ টিম লিডার রায়হান মিয়া এবং সদস্য আলামিন, শামসাদ তাহানি, শাহরিয়ার ইমন ও আব্দুল হাফিজ তামিম। চলতি বছর বাংলাদেশ থেকে ৪৫০ এর অধিক টিমের মধ্যে আইডিয়া বিবেচনা করে ১০০ টি টিম প্রাথমিকভাবে নির্বাচিত হয়। এর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত Team Photonic প্রাথমিকভাবে নির্বাচিত হয়ে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রস্তুতি নিচ্ছেন বলে জানান টিমের উপদেষ্টা ড. মো. খোরশেদ আলম। Team Photonic ইতোপূর্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আয়োজিত উদ্ভাবনী প্রদর্শনী-২০২৪ প্রতিযোগিতায় বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে প্রথম স্থান অধিকার করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়